পটুয়াখালীতে তাবলীগ জামাতের স্মারকলিপি প্রদান: বিশ্ব আমীরের আগমনের দাবি

written by Chandradip News24 | December 2, 2024

তাবলীগ জামাতের মাওলানা সা’দ অনুসারীরা পটুয়াখালীতে জেলা প্রশাসক, পুলিশ সুপার, এবং সেনা ক্যাম্পে স্মারকলিপি প্রদান করেছেন। আজ দুপুরে সার্কিট হাউজ থেকে হাজারো সাথী জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে জেলা প্রশাসক আবু হাসনাত মোহাম্মদ আরেফিনের হাতে স্মারকলিপি তুলে দেন। একই সঙ্গে পুলিশ সুপার মো. আনোয়ার জাহিদের কাছেও তাদের দাবি তুলে ধরা হয়।

তাদের প্রধান দাবি, তাবলীগ জামাতের বিশ্ব আমীর হজরত মাওলানা সা’দ (দা.বা.) যেন আগামী বিশ্ব ইজতেমায় বাংলাদেশে আসতে পারেন। তারা অভিযোগ করেন, গত সাত বছর ধরে তিনি প্রধান বক্তা এবং আখেরি মোনাজাত পরিচালনা থেকে বঞ্চিত হচ্ছেন।

তারা সরকারের প্রতি আহ্বান জানান, মাওলানা সা’দের বাংলাদেশে আগমনে যেন আর কোনো বাধা না থাকে এবং দেশের সকল মসজিদে তাবলীগের কাজ নির্বিঘ্নে চালানো যায়।

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম